

স্মারক নং- ০৫.৪৪.৫৭৪৭.০০০.১৮.০৭৭.২০২২-১২০২

তারিখ: ২৯ অক্টোবর ১৪৩০ বঙ্গাব্দ
১৪ ডিসেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

নিয়োগ বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সরকারের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ ও স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) গ্রাম পুলিশ বাহিনীর গঠন, প্রশিক্ষণ, শৃঙ্খলা ও চাকুরীর শর্তাবলী সম্পর্কিত বিধিমালা, ২০১৫ অনুসারে মেহেরপুর জেলার অন্তর্গত গাংনী উপজেলাবিন নিম্নবর্ণিত ইউনিয়ন পরিষদের জন্য নামের পার্শ্বে বর্ণিত ইউনিয়নের ওয়ার্ডসমূহে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে গ্রাম পুলিশ (মহল্লাদার) নিয়োগ করা হবে। আশ্রয়ী প্রার্থীগণকে নিম্নবর্ণিত শর্তাবলী পালনপূর্বক ১১ জানুয়ারি ২০২৪ খ্রি. তারিখের মধ্যে অফিস চলাকালীন উপজেলা নির্বাহী অফিসার, গাংনী, মেহেরপুর বরাবর জীবন বৃত্তান্তসহ আবেদন করার জন্য অনুরোধ করা হলো।

ক্র. নং	ইউনিয়নের নাম	ওয়ার্ড নং	পদের নাম	শূন্য পদের সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা
০১	তেতুলবাড়িয়া	০৪	গ্রাম পুলিশ (মহল্লাদার)	০১ টি	কোন স্বীকৃত শিক্ষা প্রতিষ্ঠান হতে অষ্টম শ্রেণী উত্তীর্ণ অথবা কোন স্বীকৃত বোর্ড হতে জেএসসি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।
০২	কাজীপুর	০৪ ও ০৬	গ্রাম পুলিশ (মহল্লাদার)	০২ টি	-ঐ-
০৩	মটমুড়া	০৩	গ্রাম পুলিশ (মহল্লাদার)	০১ টি	-ঐ-
০৪	রায়পুর	০৫	গ্রাম পুলিশ (মহল্লাদার)	০১ টি	-ঐ-

আবেদনের শর্তাবলী:

- উপজেলা নির্বাহী অফিসার, গাংনী, মেহেরপুরকে সম্বোধন করে আবেদন করতে হবে। খামের উপর আবেদিত পদের নাম, ইউনিয়নের নাম ও ওয়ার্ড নম্বর লিখতে হবে।
- প্রার্থীকে সংশ্লিষ্ট ইউনিয়নের স্থায়ী বাসিন্দা হতে হবে (সংশ্লিষ্ট ওয়ার্ডের প্রার্থীকে অগ্রাধিকার দেয়া হবে)।
- আবেদন পত্রের সাথে সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০৩ (তিন) কপি রসিদ ছবি, শিক্ষাগত যোগ্যতা, জাতীয় পরিচয় পত্র, জন্ম নিবন্ধন সনদের ফটোকপি (১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত) এবং ইউনিয়ন পরিষদ কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদের মূলকপি (ওয়ার্ড নম্বর উল্লেখসহ) সংযুক্ত করতে হবে। (জাতীয় পরিচয় পত্রের ফটোকপি ব্যতীত আবেদন গ্রহণযোগ্য হবে না)।
- আবেদন পত্র আগামী ১১/০১/২০২৪ খ্রি. অফিস চলাকালীন সময়ের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে সরাসরি/ডাকযোগে পৌঁছাতে হবে।
- অসম্পূর্ণ, ক্রটিপূর্ণ ও বিলম্বে প্রাপ্ত আবেদনপত্রসমূহ সরাসরি বাতিল বলে গণ্য হবে।
- আবেদনকারীর বয়স আগামী ১১/০১/২০২৪ খ্রি. তারিখে ১৮-৩০ বছরের মধ্যে হতে হবে। প্রার্থীর বয়সের ক্ষেত্রে কোন প্রকার এফিডেভিট গ্রহণযোগ্য নয়।
- আবেদনপত্রে প্রার্থীর পূর্ণ জীবন বৃত্তান্ত যেমন: (ক) নাম (খ) পিতা/স্বামীর নাম (গ) মাতার নাম (ঘ) স্থায়ী ঠিকানা (ইউনিয়ন ও ওয়ার্ড সহ) (ঙ) বর্তমান ঠিকানা (চ) জন্ম তারিখ (ছ) ১১/০১/২০২৪ তারিখে বয়স (জ) জাতীয়তা (ঝ) ধর্ম (ঞ) জাতীয় পরিচয়পত্র নম্বর (ট) ভোটার আইডি নম্বর (ঠ) শিক্ষাগত যোগ্যতা (ঠ) অভিজ্ঞতা/প্রশিক্ষণ (দি থাকে) (ঠ) কোটার প্রার্থী হলে কোটার নাম ইত্যাদি উল্লেখ করতে হবে।
- শারীরিক যোগ্যতা: পুরুষ প্রার্থীর ক্ষেত্রে সর্বনিম্ন উচ্চতা ৫ ফুট ২ ইঞ্চি, বৃকের মাপ ৩০ ইঞ্চি (যাভাবিক); ৩২ ইঞ্চি (সম্প্রসারণ); সর্বনিম্ন ওজন ৫০ কেজি। মহিলা প্রার্থীর ক্ষেত্রে সর্বনিম্ন উচ্চতা ৫ ফুট, বৃকের মাপ ২৮ ইঞ্চি (যাভাবিক); ৩০ ইঞ্চি (সম্প্রসারণ); সর্বনিম্ন ওজন ৪৫ কেজি।
- কোন তথ্য গোপন করে প্রার্থী আবেদন করলে কিংবা চাকুরীতে নিয়োগ প্রাপ্ত হলেও তা গোচরীভূত হওয়া মাত্র সংশ্লিষ্ট প্রার্থীর আবেদন/নিয়োগ বাতিল করা হবে।
- পৈষা কোটার ক্ষেত্রে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র সংযুক্ত করতে হবে।
- প্রার্থীকে নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
- সরকারি চাকুরী বা কোন বিধিবদ্ধ সংস্থা বা স্থানীয় কর্তৃপক্ষের চাকুরীতে নিয়োজিত প্রার্থীগণকে স্বীয় কর্তৃপক্ষের অন্যপক্ষিসহ আবেদন করতে হবে।
- স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের স্থানীয় সরকার বিভাগের ইউপি-২ অধিশাখার ০৪ নভেম্বর ২০১৮ খ্রি. তারিখের ৪৬.০১৮.০৩২.০০.০০.০৪০.২০১৫-৫৯৫ সংখ্যক স্মারক মোতাবেক গ্রাম পুলিশ (মহল্লাদার) (সরকারি ও ইউনিয়ন পরিষদ অংশে ৫০%+৫০% হারে) বেতন সর্বমোট ৬,৫০০/- (ছয় হাজার পাঁচশত) টাকা প্রাপ্য হবেন।
- কর্তৃপক্ষ কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন আবেদন বাতিল/গ্রহণ করার পূর্ণ ক্ষমতা সংরক্ষণ করেন এবং কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত মর্মে বিবেচিত হবে।
- মৃত বা অবসরপ্রাপ্ত গ্রাম পুলিশের (মহল্লাদার) পুত্র, কন্যা বা প্রত্যক্ষ পোষাদের অগ্রাধিকার দেয়া হবে।
- যে কোন ধরণের তদবির প্রার্থীর অযোগ্যতা মর্মে বিবেচিত হবে।
- এ নিয়োগ বিজ্ঞপ্তি সংশোধন / বাতিল সংক্রান্ত সকল ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

(স্বাক্ষর)
১৪.১২.২৩

শ্রীতম সাহা